ISO 9001:2015 CERTIFIED

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

চৌয়ালা, নরসিংদী।

E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd/

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৫.০২.০০৮.২৪. ৫৩

তারিখ : ১৯ পৌষ' ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী'২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ " বিলিং সুপারভাইজার পদে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শুণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী বিলিং সহকারীদের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার | পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) বিলিং সহকারী নিয়মিত হিসেবে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষনাবেক্ষণে সামর্থ্য থাকতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজী কী স্পিড প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ১০ (দশ) ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।<br>ঘ) বিলিং সহকারী পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।<br>চ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। |

**আবেদন করার পদ্ধতিঃ**

পবিস নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন আবেদনকারী-কে A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) বয়স (ছ) ধর্ম (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (ট) চাকুরীতে ১ম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার তথ্যাদি সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই ও দপ্তর কর্তৃক দায়েরকৃত কোন ফৌজদারী মামলা চলমান নাই এবং বিলিং সুপারভাইজার পদে পদোন্নতি প্রাপ্ত হলে সংশ্লিষ্ট পবিসের আপত্তি নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশসহ প্রত্যয়নপত্র এবং নিম্নোক্ত দলিলাদি এজিএম (এইচ আর/প্রশাসন) কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। অত্র সমিতিতে কর্মরত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের প্রত্যয়নপত্র/অনাপত্তি সনদপত্রসহ আবেদন করবেন।

০১। সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি;
০৩। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে/বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি;
০৪। সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
০৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
০৬। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
০৭। বিলিং সহকারী পদে ০৭ (সাত) বছর অভিজ্ঞতার প্রমানক হিসেবে যোগদান ও নিয়মিত করণের ফটোকপি;

**আগ্রহী প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকার ও ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আগামী ২০/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরের বোর্ড সভা কক্ষ, চৌয়ালা, নরসিংদী - এ বর্ণিত দলিলাদি সংযুক্ত পূর্বক বর্তমানে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর ফরওয়ার্ডিংসহ আবেদনকারীর স্বহস্তে লিখিত আবেদনপত্র নিয়ে স্ব-শরীরে উপস্থিত হতে হবে।**

**পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে নাঃ**

০১। সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
০২। সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
০৩। বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
০৪। বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
০৫। বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
০৬। পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
০৭। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।
০৮। ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

ISO 9001:2015 CERTIFIED

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

চৌয়ালা, নরসিংদী।

E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd/



**শর্তাবলীঃ**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ নরসিংদী জেলার-নরসিংদী সদর, রায়পুরা, মনোহরদী, শিবপুর, বেলাবো উপজেলা এবং কিশোরগঞ্জ জেলার-কুলিয়ারচর, বাজিতপুর, ভৈরব উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় আত্নীয়-স্বজনদের আবেদন করার প্রয়োজন নাই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ করা হবে। "চলতি দায়িত্ব" থাকাকালীন ০১ (এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে।

০৪। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২), সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-14, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারণ করা হবে।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০৬। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৭। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
০৮। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩/০৯/২০২৪
(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৮। ডিজিএম, শিবপুর/মরজাল/কুলিয়ারচর/মনোহরদী/নরসিংদী সদর/রায়পুরা জোঃ অঃ/সদর দপ্তর, কারিগরী, নরসিংদী পবিস-২।
০৯। এজিএম (ওএন্ডএম), করিমপুর/চরসুবুদ্ধি/সরারচর/বেলাবো/বাঁশগাড়ি সাব-জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
১০। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), নরসিংদী পবিস-২।
১১। এজিএম (আইটি), নরসিংদী পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**www.pbs2.narsingdi.gov.bd**), নরসিংদী পবিস-২।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

০৩/০৯/২০২৪
(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার